# কুরআন রিসার্চ ফাউন্ডেশন

ফোর-ইন-ওয়ান কুরআন শিক্ষাকোর্স লেভেল-০১ (১২তম ব্যাচ)

ক্লাস-৩

নির্দিষ্ট-অনিদির্ষ্ট আর্টিকেল(Definite-Indefinite Article) এবং

اِسْمٌ-এর মারফূ, মানসুব, মাজরূর রূপ (কতৃ, কর্ম ও সম্বন্ধবাচক রূপ/Case)

---

❖ আর্টিকেল (Article)

- সংজ্ঞা-যে সকল শব্দ, অক্ষর বা চিহ্ন বিশেষ্যের পূর্বে বসে তার নির্দিষ্টতা বা অনির্দিষ্টতা নির্দেশ করে তাকে আর্টিকেল বলে।
- শ্রেণীবিভাগ

  আর্টিকেল দুই প্রকার-
  - অনির্দিষ্ট আর্টিকেল e/النَّكِرَةُ) (Indefinite Article
  - নির্দিষ্ট আর্টিকেল (Definite Article/الْمَعْرِفَةُ)

- অনির্দিষ্ট আর্টিকেল (Indefinite Article/النَّكِرَةُ)
  - সংজ্ঞা

যে আর্টিকেল কোন ব্যক্তি বা বস্তুকে সুনির্দিষ্ট করে বুঝায় না তাকে অনির্দিষ্ট আর্টিকেল বলে। যেমন- একটি বই, একটি ডিম ইত্যাদি। আরবী ভাষায় কোন অনির্দিষ্ট আর্টিকেল নেই। বিশেষ্যের শেষে তানবিন (দুই পেশ, দুই যবর বা দুই যের) যোগ করে অনির্দিষ্ট আর্টিকেলের কাজ সম্পন্ন করা হয়।

| | | | |
|---|---|---|---|
| একটি কলম | قَلَمٌ | একটি বই | كِتَابٌ |
| একজন রাসূল | رَسُوْلٌ | একটি ঘর | بَيْتٌ |

নির্দিষ্ট আর্টিকেল

(Definite Article/الْمَعْرِفَتُ)

যে আর্টিকেল কোন ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট করে বুঝায় তাকে নির্দিষ্ট আর্টিকেল বলে।

বাংলা ভাষায় নির্দিষ্ট আর্টিকেল অনেকগুলো (টি, টা, খানা, খানি ইত্যাদি)।

ইংরেজী ভাষায় নির্দিষ্ট আর্টিকেল একটি (The)।

আরবী ভাষায়ও নির্দিষ্ট আর্টিকেল একটি। সেটি হলো- اَلْ।

ব্যাকরণ

১. একটি বিশেষ্য যখন নির্দিষ্ট হয় তখন তার তানবিন লোপ পেয়ে এক পেশ, এক যবর বা এক যের হয়

| | | | |
|---|---|---|---|
| বইটি | اَلْكِتَابُ | ১টি বই | كِتَابٌ |
| ঘরটি | اَلْبَيْتُ | ১টি ঘর | بَيْتٌ |
| কলমটি | اَلْقَلَمُ | ১টি কলম | قَلَمٌ |

২. যে শব্দের আগে اَلْ যুক্ত হয় সেই শব্দের ১ম অক্ষর যদি হরফে শামসী (সূর্য অক্ষর) হয় তবে-

- লাম এর সুকুনটি লোপ পায়
- পড়ার সময় লাম অনুচ্চারিত থাকে
- সূর্য অক্ষরটির উপর তাশদিদ হয় এবং সূর্য অক্ষরটি ২বার উচ্চারিত হয়।

| | |
|---|---|
| পরম দয়ালু করুণাময় আল্লাহর নামে (আরম্ভ করছি)। | بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ |
| বল আমি আশ্রয় চাই মানুষের রবের নিকট | قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ |
| নিশ্চয় আমরা তা (কুরআন) অবতীর্ণ করেছি মহিমান্বিত রাতে | إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ |

৩. অনির্দিষ্ট ও নির্দিষ্ট করণের এ নিয়মটি শুধুমাত্র জাত বিশেষ্য তথা Common noun এর ক্ষেত্রে প্রযোজ্য। Proper noun এর ক্ষেত্রে নয়।

## اِسْمٌ-এর মারফূ, মানসুব, মাজরূর(কতৃবাচক, কর্মবাচক ও সম্বন্ধবাচক/Case)

- সঙ্গা

আরবীতে বাক্যের অন্য শব্দের সাথে اِسْمٌ(বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম)-এর সম্পর্ককে বাচ্য বলে।

- শ্রেণীবিভাগ

বাচ্যের দৃষ্টিকোন থেকে اِسْمٌ (বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম) ৩ রূপের হয়-

- مَرْفُوْعٌ (কতৃবাচক/Subjective)
- مَنْصُوْبٌ (কর্মবাচক/Objective)
- مَجْرُوْرٌ (সম্বন্ধবাচক/Genetive or Possessive)

এ ক্লাসে নাম বাচক اِسْمٌ তথা বিশেষ্যের (Noun) মারফূ, মানসুব, মাজরূর রূপ নিয়ে আলোচনা করা হবে

| مَجْرُوْرٌ<br>সম্বন্ধবাচক<br>Possessive | مَنْصُوْبٌ<br>কর্মবাচক<br>Objective | مَرْفُوْعٌ<br>কতৃবাচক<br>Subjective |
|---|---|---|
| بِلَالٍ | بِلَالًا | بِلَالٌ |
| বিলাল-এর | বিলাল-কে | বিলাল |
| مُحَمَّدٍ | مُحَمَّدًا | مُحَمَّدٌ |
| মুহাম্মাদ-এর | মুহাম্মাদ-কে | মুহাম্মাদ |
| رَسُوْلٍ | رَسُوْلًا | رَسُوْلٌ |
| রাসূল-এর | রাসূল-কে | রাসূল |

| مَجْرُوْرٌ<br>সম্বন্ধবাচক<br>Possessive | مَنْصُوْبٌ<br>কর্মবাচক<br>Objective | مَرْفُوْعٌ<br>কর্তৃবাচক<br>Subjective |
|---|---|---|
| مُدَرِّسٍ | مُدَرِّسًا | مُدَرِّسٌ |
| শিক্ষক-এর | শিক্ষক-কে | শিক্ষক |
| اَلْمُدَرِّسِ | اَلْمُدَرِّسَ | اَلْمُدَرِّسُ |
| শিক্ষকটি-র | শিক্ষকটি-কে | শিক্ষকটি |
| اَللّٰهِ | اَللّٰهَ | اَللّٰهُ |
| আল্লাহ-র | আল্লাহ-কে | আল্লাহ |

| مَجْرُوْرٌ<br>সম্বন্ধবাচক<br>Possessive | مَنْصُوْبٌ<br>কর্মবাচক<br>Objective | مَرْفُوْعٌ<br>কর্তৃবাচক<br>Subjective |
|---|---|---|
| قَلَمٍ | قَلَمًا | قَلَمٌ |
| কলম-এর | কলম-কে | কলম |
| اَلْقَلَمِ | اَلْقَلَمَ | اَلْقَلَمُ |
| কলমটি-র | কলমটি-কে | কলমটি |

| مَجْرُوْرٌ<br>সম্বন্ধবাচক<br>Possessive | مَنْصُوْبٌ<br>কর্মবাচক<br>Objective | مَرْفُوْعٌ<br>কর্তৃবাচক<br>Subjective |
|---|---|---|
| بَابٍ | بَابًا | بَابٌ |
| দরজা-এর | দরজা-কে | দরজা |
| اَلْبَابِ | اَلْبَابَ | اَلْبَابُ |
| দরজাটি-র | দরজাটি-কে | দরজাটি |

শিক্ষনীয় বিষয়

১. ‘যের’ থাকলে ‘-এর’ হয়

আরবী বিশেষ্যমূলক (Noun) শব্দের শেষে 'যের' (কাছরা) থাকলে বাংলা অর্থের শেষে অধিকাংশ ক্ষেত্রে '-এর' বা 'র' যোগ হয়।

- আরবী শব্দটিকে 'মাজরূর' বলে
- মাজরূর-এর মূল আলামত 'জের'

২. 'যবর' থাকলে '-কে' হয়

আরবী বিশেষ্যমূলক (Noun) শব্দের শেষে 'যবর' (ফাতাহা) থাকলে বাংলা অর্থের শেষে অধিকাংশ ক্ষেত্রে '-কে' যোগ হয়

- আরবী শব্দটিকে 'মানসূব' বলে
- মানসূব-এর মূল আলামত 'জবর'

৩. 'পেশ' থাকলে শূন্য হয় (-এর বা -কে কিছুই হয় না)

আরবী বিশেষ্যমূলক (Noun) শব্দের শেষে 'পেশ' (দম্মাহ) থাকলে বাংলা অর্থের শেষে অধিকাংশ ক্ষেত্রে কিছুই যোগ হয় না।

- আরবী শব্দটিকে 'মারফূ' বলে
- মারফূ-এর মূল আলামত 'পেশ'

কুরআনের উদাহরণ

| | | | | |
|---|---|---|---|---|
| اللهِ | رَحْمَةُ | وَ | عَلَيْكُمْ | اَلسَّلَامُ |
| আল্লাহর | রহমত | এবং | আপনাদের উপর | সকল শান্তি |

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

আপনাদের উপর সকল শান্তি ও আল্লাহর রহমত (বর্ষিত হোক)

| | | | | |
|---|---|---|---|---|
| الرَّجِيْمِ | الشَّيْطَانِ | مِنَ | بِاللهِ | أَعُوْذُ |
| বিতাড়িতটির | শয়তানটির | হতে | আল্লাহর নিকট | আমি আশ্রয় চাচ্ছি |

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

| | | |
|---|---|---|
| الْمُسْتَقِيمَ | الصِّرَاطَ | اِهْدِنَا |
| স্থায়ীভাবে সঠিকটিকে | পথটিকে | দেখান আমাদের |

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

# Laboratory Test

ইতোমধ্যে শেখা ব্যাকরণ ব্যবহার করে

সালাতের পঠিত বিষয় অনুধাবন

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

ইতোমধ্যে শেখা ব্যাকরণের আলোকে বাক্যটির শব্দগুলোর ধরন কী?

| اللهِ | رَحْمَةُ | وَ | عَلَيْكُمْ | اَلسَّلَامُ |
|---|---|---|---|---|
| | | | | |

| اللهِ | رَحْمَةُ | وَ | عَلَيْكُمْ | اَلسَّلَامُ |
|---|---|---|---|---|
| নাম বাচক اسم (মাজরূর) | গুণবাচক اسم (মারফূ) | অব্যয় | | নির্দিষ্ট আর্টিকেল + গুণবাচক اسم (মারফূ) |

শব্দটি কিভাবে গঠিত হয়েছে?

**اَلسَّلَامُ**

| اَلسَّلَامُ | = | سَلَامٌ | + | اَلْ |
|---|---|---|---|---|
| | | | | |

| اَلسَّلَامُ | = | سَلَامٌ | + | اَلْ |
|---|---|---|---|---|
| শান্তিটি(সকল শান্তি) | = | একটি শান্তি | + | টি |

শব্দগুলোর অর্থ কি বা কি ধরনের হবে?

| اللهِ | رَحْمَةُ | وَ | عَلَيْكُمْ | اَلسَّلَامُ |
|---|---|---|---|---|
| আল্লাহর | রহমত | এবং | | টি+শান্তি(সকল শান্তি) |

| اللهِ | رَحْمَةُ | وَ | عَلَيْكُمْ | اَلسَّلَامُ |
|---|---|---|---|---|
| আল্লাহর | রহমত | | | সকল শান্তি |

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

আপনাদের উপর সকল শান্তি ও আল্লাহর রহমত (বর্ষিত হোক)

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

اِسْمٌ (বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম), فِعْلٌ (ক্রিয়া) ও حَرْفٌ (অব্যয়), মারফূ, মানসূব, মাজরূর এবং নির্দিষ্টতা ও অনির্দিষ্টতার দিক থেকে কোন শব্দটি কি ধরনের?

| الرَّجِيْمِ | الشَّيْطَانِ | مِنَ | بِاللّهِ | أَعُوْذُ |
|---|---|---|---|---|

| الرَّجِيْمِ | الشَّيْطَانِ | مِنَ | بِاللّهِ | أَعُوْذُ |
|---|---|---|---|---|
| নির্দিষ্ট আর্টিকেল<br>+<br>গুণ বাচক اسم<br>(মাজরূর) | নির্দিষ্ট আর্টিকেল<br>+<br>নাম বাচক اسم<br>(মাজরূর) | | অব্যয়<br>+<br>নাম বাচক اسم<br>(মাজরূর) | ক্রিয়া<br>(বর্তমানকাল)<br>(اَتَيْنَ) |

শব্দগুলোর অর্থ কি বা কি ধরনের হবে?

| الرَّجِيْمِ | الشَّيْطَانِ | مِنَ | بِاللّهِ | أَعُوْذُ |
|---|---|---|---|---|

| الرَّجِيْمِ | الشَّيْطَانِ | مِنَ | بِاللّهِ | أَعُوْذُ |
|---|---|---|---|---|
| বিতাড়িতটির | শয়তানটির | | আল্লাহর নিকট | ক্রিয়া<br>বর্তমান কাল<br>মূলক |

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

اِسْمٌ (বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম), فِعْلٌ (ক্রিয়া) ও حَرْفٌ (অব্যয়), মারফূ, মানসূব, মাজরূর এবং নির্দিষ্টতা ও অনির্দিষ্টতার দিক থেকে কোন শব্দটি কি ধরনের?

| الْمُسْتَقِيمَ | الصِّرَاطَ | اِهْدِنَا |
|---|---|---|

| الْمُسْتَقِيمَ | الصِّرَاطَ | اِهْدِنَا |
|---|---|---|
| নির্দিষ্ট আর্টিকেল<br>+<br>গুণ বাচক اسم<br>(মানসূব) | নির্দিষ্ট আর্টিকেল<br>+<br>নাম বাচক اسم<br>(মানসূব) | ক্রিয়া + |

শব্দগুলোর অর্থ কি বা কি ধরনের হবে?

| الْمُسْتَقِيمَ | الصِّرَاطَ | اِهْدِنَا |
|---|---|---|

| الْمُسْتَقِيمَ | الصِّرَاطَ | اِهْدِنَا |
|---|---|---|
| স্হায়ীভাবে সঠিকটিকে | পথটিকে | ক্রিয়া মূলক |

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

আমাদের স্হায়ীভাবে সঠিক পথটিকে দেখান

ধন্যবাদ

**مع السلام**